# গাজীপুরে ঝুটের গোডাউনে আগুন, নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিস



ছবি: সংগৃহীত

গাজীপুরের কোনাবাড়ীতে ঝুটের একটি গোডাউনে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার ভোরে দেউলিয়াবাড়ি এলাকায় এ আগুনের সূত্রপাত হয়। আগুন নেভাতে ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট কাজ করছে।

স্থানীয়দের কাছ থেকে খবর পেয়ে প্রথমে কোনাবাড়ী ফায়ার সার্ভিস স্টেশনের তিনটি ইউনিট সেখানে যায়। পরে সারাবো স্টেশন থেকে আরও দুইটি ইউনিট যোগ দেয়।

ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছানোর আগেই আগুনের শিখা গোডাউনের আশপাশে ছড়িয়ে পড়ে। স্থানীয়রাও আগুন নেভানোর চেষ্টা করেন। পরে ফায়ার সার্ভিসের সদস্যরা এসে নিয়ন্ত্রণের কাজ শুরু করেন।

বৃহস্পতিবার (২৭ আগস্ট) ভোর সাড়ে ৫টার দিকে দেউলিয়াবাড়ি এলাকায় গোডাউনটিতে আগুন লাগে। তবে কী কারণে আগুনের সূত্রপাত হয়েছে, তা এখনো জানা যায়নি।

অগ্নিকাণ্ডে এখন পর্যন্ত কেউ হতাহত হয়েছেন বলে খবর পাওয়া যায়নি। আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে আনার পর ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যাবে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

LENS ASIA